জীবননগরে শিক্ষক আঃ সামাদের বিদায় সংবর্ধনা

জীবননগর যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আঃ সামাদের অবসার জনিত বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৩টার সময় যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে এ বিদায় সংবর্ধনা প্রদান করা হয়।

যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মাওলানা জিল্লুর রহমানের সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্টানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন,জীবননগর উপজেলার প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ জালাল উদ্দিন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,সীমান্ত ইউনিয়ন পরিষদের ৯নং ওর্য়াড সদস্য আব্দুল কুদ্দুস, যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক মোঃ মহিউদ্দিন,সাংবাদিক মিঠুন মাহমুদ,সীমান্ত ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আঃগনি প্রমুখ।

জীবননগরে সামাজিক পুজি গঠন ও সেবাসমূহ জনবান্ধব করণীয় বিষায়ক আলোচনা সভা

জীবননগরে সামাজিক পুজি গঠনের মাধ্যমে সরকারি সেবাসমূহ জনবান্ধবকরন প্রকল্পের আওতায় নারীর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধে উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ এবং ইমাম, কাজী, ঘটক ও পুরোহিতদের করণীয় বিষায়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার জীবননগর ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন,চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, চুয়াডাঙ্গা জেলা লোকমোর্চার সাধারন সম্পাদক ও দৈনিক প্রথম আলোর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সনি, জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল।

জীবননগর ভ্রাম্যমান আদালতে ৫জনকে জরিমানা

জীবননগর পৌর শহরে ভ্রাম্যমান আদাল অভিযান চালিয়ে ৫জনকে জরিমানা প্রদান করা হয়েছে।

আজ রবিবার বিকালে জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র জীবননগর পৌর শহরে তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণ আইনের উপর অভিযান পরিচালনা করেন ।

অভিযানে প্রকাশ্যে ধূমপানের দায়ে ০৫ জনকে ২৫০টাকা জরিমানা করা হয়।

জীবননগর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র বলেন,ধূমপান স্বাস্থের জন্য ক্ষতিকর একজন ব্যাক্তি যদি প্রকাশ্যে ধূমপান করেন তা হলে তার আমপাশের লোকজনের নানা ধরনের রোগ ব্যাধী হওয়ার সম্ভবনা রয়েছে এ জন্য প্রকাশ্যে কেউ ধূমপান করলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

জীবননগরে কালবৈশাখী ঝড়ে ঘর বিধ্বস্ত

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর গ্রামের ওপর দিয়ে বয়ে যাওয়া কালবৈশাখী ঝড়ে বেশ কিছু ঘর বিধ্বস্তসহ ফসলাধি নষ্ঠ। ঝড়ে ঘরের দেয়াল চাপায় গুরুত্বর আহত মুক্তিযোদ্ধা পরিবার । এছাড়া গাছ ও ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। গত কয়েক দিন ধরে রাতে আঘাত হানা কালবৈশাখী ঝড়ের তাণ্ডবে এসব ক্ষয়ক্ষতি হয়। এদিকে ক্ষতিগ্রস্ত তালিকা করতে মাঠে নেমেছে প্রশাসন।

সরেজমিনে দেখা গেছে, জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন কালবৈশাখী ঝড়ে ঘরের দেওয়াল ও টিন উড়ে গঙ্গাদাশপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আব্দুল কাদেরের মেয়ে মোছাঃ বেলি খাতুন গুরুত্বর আহত হয়েছে। ঘর তৈরি করবে এমন সামথ্য না থাকায় ওই মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যরা অন্যর বাড়িতে রাত যাপন করছে। একই অবস্থা দিনমজুর শহিদুল ইসলাম,জিয়াউর রহমানের পরিবারের।

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইসাবুল ইসলাম মিল্টন বলেন,কালবৈশাখী ঝড়ে যে ক্ষয়ক্ষতি হয়েছে এ বিষয়ে আমরা তালিকা তৈরি করছি তালিকা তৈরি শেষে উপজেলাতে জমা দিব ।

জীবননগর উপজেলা কৃষি অফিসার মোছাঃ শারমিন আক্তার বলেন, জীবননগর উপজেলায় কালবৈশাখী ঝড়ে মোট ক্ষতির পরিমান হিসাব করা হয়েছে সাড়ে ১২হেক্টর জমি এবং আক্রান্ত হয়েছে ২৫ হেক্টর জমি। তবে কৃষি অফিস থেকে ক্ষতিগ্রস্থ কৃষকদের তালিকা তৈরি করা হচ্ছে।

জীবননগরে এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত

এবারে জীবননগর উপজেলার ৮টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে । এ বছর জীবননগর উপজেলায় এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ২হাজার ৯০ জন।

আজ রবিবার সকাল ১০টা থেকে শুরু হয় এসএসসি ও সমমানের পরীক্ষা। সুন্দর পরিবেশের মধ্যে দিয়ে প্রথম দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষাকে কেন্দ্র করে যাতে কোন ধরনের অপৃতিকর ঘটনা না ঘটে সে জন্য প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা গ্রহন করে।

জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সুত্রে জানা গেছেএ বছর জীবননগর উপজেলায় সাধারণ শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৫৫৯ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০১ জন, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অংশ নিচ্ছে ৩৩০ জন পরীক্ষাথী এসএসসি পরীক্ষায় অংশগ্রহন করেছে।

জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আমজাদ হোসেন বলেন, এসএসসি পরীক্ষা খুব সুন্দর ভাবেই প্রথম পরীক্ষা শেষ হয়েছে। প্রশ্ন ফাঁসের সুযোগ নেই। কেউ প্রশ্ন ফাঁসের গুজব ছড়ালেও তাদেরকে শাস্তির আওতায় আনা হবে।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান জীবননগর উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদশন করেন।

জীবননগরে রয়েল এক্সপ্রেস টি-টোয়েন্টি ক্রিকেট

টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগর রয়েল এক্সপ্রেস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ এ খেলাটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কোয়ার্টার ফাইনাল খেলার উদ্বোধন করেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম , বাংলাদেশ জাতীয় ক্রিকেট টিমের খেলোয়ার ইমরুল কায়েস,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি মোঃ মুন্সী নাসির উদ্দিন, জীবননগর পৌর যুবলীগের সভাপতি শাহ আলম মোঃ শরিফুল ইসলাম ছোট বাবুসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সাবেক খেলোয়াড়বৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে দিনের বেলায় বাড়িতে ভয়াবহ অগ্নিকান্ড ২লক্ষ টাকার ক্ষতি

জীবননগরে দিনের বেলায় বাড়িতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। আজ রবিবার বিকাল ৪ টার সময় জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের প্রতাবপুর গ্রামের মৃত মোতালেব হোসেনের ছেলে বাবলু মন্ডলের বাড়িতে এ ঘটনা ঘটে এতে ২লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে।

প্রত্যক্ষদর্শী সুত্রে জানা গেছে, প্রতিদিনের ন্যায় আজ রবিবার বিকালে রান্না শেষে রান্না ঘর থেকে বেরিয়ে আসে বাবলু মন্ডলের স্ত্রী এ সময় হঠাৎ রান্না ঘরের চুলা থেকে আগুনের উৎপত্তি হয়। গোটা রান্না ঘর আগুনে পুড়ে যায় এক পর্যায় রান্না ঘরের পাশে থাকা

খড়ির ঘর, বিচালী ঘরে আগুন ধরে ভয়াবহ রুপ ধারন করে।

এ সময় স্থানীয় লোকজন আগুন নিয়ন্ত্রনে আনার চেষ্ঠা করে। অবশেষে বড় ধরনের ক্ষয়ক্ষতি হওয়ার আগে জীবননগর ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনা স্থানে ছুটে এসে আগুন নিয়ন্ত্রনে আনে।

জীবননগরে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ উপহার বিতরণ

জীবননগরে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ উপহার পোশাক বিতরণ করা হয়েছে। আজ রবিবার বিকাল ৩টার সময় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির আয়োজনে উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে অসহায় দরিদ্র মানুষের মাঝে পাঞ্জাবী, শাড়ী ও ফতুয়া বিতরণ করা হয়।

জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি মিঠুনর মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা লোকমোর্চার সভাপতি এ্যাড. মোঃ বেলাল হোসেন ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, মনোহরপুর ইউনিয় পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার কর্মকর্তা মোঃ কামরুজ্জামান যুদ্ধ, ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আশরাফুল ইসলাম লিটন, রইচ উদ্দিন, মিরাজ হোসেন, জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য লাবনী খাতুন, ঐশ্বর্য সাহা, ঐশী, মেহেদী হাসান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান।

জীবননগরে জমে উঠছে ঈদের বাজার

ঈদের আর মাত্র ৪ দিন বাকি। এরই মধ্যে জীবননগর উপজেলার বিভিন্ন মার্কেট ও ফুটপাতে জমে উঠছে ঈদের কেনাকাটা। সকাল থেকে মধ্যরাত পর্যন্ত দেখা গেছে ক্রেতাদের আনাগোনা। বিপণিগুলোয় বাড়ছে ভিড়। তৈরি পোশাক কেনার পাশাপাশি নতুন পোশাক বানাতে আগেভাগেই পছন্দের কাপড় কিনছেন তরুণ-তরুণীরা।

বিক্রেতারা জানিয়েছেন, ঈদ যতই ঘনিয়ে আসছে, ক্রেতাদের ভিড় ততই বাড়ছে। তবে দেশে নিত্যপণ্যসহ সবকিছুর দাম বৃদ্ধির ফলে ক্রেতারা ঈদ বাজারে এসে একটু চিন্তা-ভাবনা করেই কেনাকাটা করছেন।

এবার ঈদুল ফিতরকে সামনে রেখে জমে উঠেছে পোশাকের বেচাকেনা। শপিংমলগুলোর পাশাপাশি ফুটপাতেও ক্রেতাদের ভিড় বেড়েছে। ক্রেতাদের উপস্থিতিতে জমজমাট হয়ে উঠেছে জীবননগর পৌর শহরের ঈদবাজার। ঈদ সামনে রেখে মাকের্টগুলোয় দেশি-বিদেশি নানা রঙের ও ডিজাইনের বাহারি পোশাক উঠেছে। উৎসবকে কেন্দ্র করে প্রতিবছরই যার যার সামর্থ্য অনুযায়ী নতুন পোশাক কেনে। প্রতিবারের মতো এবারও অনেকটা আগে থেকেই চলছে কেনাকাটার ধুম। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে শপিং মল ও বিপণিবিতানে বাড়ছে ভিড়।

ক্রেতাদের এমন ভিড়ে খুশি ব্যবসায়ীরাও। তবে এবারের ঈদকে কেন্দ্র করে রোজার শুরু থেকে ক্রেতাদের মার্কেটগুলোয় ভিড় করতে দেখা গেছে। বিক্রেতারা বলছেন, অন্যান্যবারের মতো এবারের ঈদেও তরুণীসহ নারীদের প্রধান আকর্ষণ নতুন কালেকশন।

প্রতিদিন সকাল থেকে জীবননগর পৌর শহরের, মোল্লা মাকেট,তরফদার মাকেট,ইভা টাওয়ার,নুর টাওয়ার এলাকার বিভিন্ন মার্কেটগুলোয় ভিড় করছেন ক্রেতারা। ব্যবসায়ীরা বলছেন, করোনার কারণে গত দুই বছর তাদের লোকসান হয়েছে। তবে এবার রোজা শুরুর আগে থেকেই দোকানে ক্রেতার উপস্থিতি ভালো। প্রতিদিন বাড়ছে বেচাকেনা।

গৃহিণী সাজেদা খাতুন এসেছেন পরিবারের সদস্যদের জন্য পোশাক কিনতে। তিনি জানান, দিন যত যাবে তত ঝামেলা বাড়বে। তখন জিনিসপত্র থাকলেও তেমন পছন্দ হবে না । তাই আগে থেকে কাজ সেরে নিচ্ছি।
এদিকে ক্রেতাদের সামলাতে ব্যাস্ত সময় পার করছেন দোকান মালিক ও কর্মচারীরা। জীবননগর পৌর শহরের তরফদার মাকেট,মোল্লা মাকেট,ইভা টাওয়ার,নুর টাওয়ারের মার্কেটের বেশ কয়েকজন দোকানদারদের সঙ্গে

কথা বলে জানা যায়, গত দুই বছরের চেয়ে এবারের বেচাকেনা অনেকটাই ভালো।, রমজান শুরুর পর থেকেই এবার ক্রেতারা কেনাকাটা শুরু করেছেন। আমরাও ক্রেতাদের চাহিদামতো পোশাক সরবরাহ করতে চেষ্টা করছি।

পৌর শহরের বড় বড় শপিংমলের সঙ্গে পাল্লা দিয়ে জমে উঠেছে ফুটপাতের বেচাকেনাও। ফুটপাতের ক্রেতা-বিক্রেতারা জানান, ফুটপাতের দোকানগুলোর জন্য হাজার হাজার টাকা ভাড়া দিতে হয় না। ক্রেতাদের দৃষ্টি আকর্ষণের জন্য নেই কোনো আলোর ঝলকানি। ফলে স্বল্প লাভে ফুটপাতের বিক্রেতারা ক্রেতাদের দরদামে পোশাক দিয়ে থাকেন, ক্রেতারাও স্বচ্ছন্দে নিয়ে থাকেন। ক্রেতা অনিক রহমান রনি জানান, বড় দোকানগুলো থেকে আমার পক্ষে প্যান্ট কেনা সম্ভব নয়। এজন্য ছেলেকে এখানে নিয়ে এসেছি প্যান্ট কিনতে। ছেলের পছন্দমতো ৪৫০ টাকা দিয়ে জিন্স প্যান্ট কিনে দিলাম।

ফুটপাতের দোকানদার আলতাফ হোসেন জানান, নিজেরাই ব্যবসা করি। এতে কর্মচারীর বেতন, আলোর ব্যবস্থাসহ নানা ধরনের খরচ হয় না। তাই স্বল্প লাভে বড় দোকানের তুলনায় কম দামে পোশাক বিক্রি করতে পারি।

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলার সহকারী পরিচালক মো. সজল আহম্মেদ জানান, সুযোগ বুঝে অতিরিক্ত দাম নেয়া যাবে না। যারা এমন করছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে। ভোক্তাস্বার্থ রক্ষায় নিয়মিত অভিযান চলমান রয়েছে।

জীবননগরে ১০টাকার বিনিময়ে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ সামগ্রী বিক্রয়

জীবননগরে ১০ টাকার বিনিময়ে ছিন্নমূল মানুষের মাঝে ঈদ সামগ্রী বিক্রয় । গতকাল শনিবার সকাল ১১টার সময় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির আয়োজনে উপজেলার কে,ডি,কে ইউনিয়নের আবাসনে বসবাসরত সাধারন

মানুষের মাঝে ১০টাকার বিনিময়ে ১ কেজি চাউল,১ কেজি আলু,৫০০গ্রাম চিনি ও ৫০০গ্রাম সেমাই বিক্রয় করা হয়।

জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি মিঠুনর মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ মাহফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা,বিশিষ্ঠ ব্যবসায়ী মিকাইল ইসলাম পারুল কে,ডি,কে ইউপি সদস্য আব্বাস আলী,ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার কর্মকর্তা মোঃ কামরুজ্জামান যুদ্ধ,ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আশরাফুল ইসলাম লিটন,রইচ উদ্দিন,মিরাজ হোসেন,স্বপনা খাতুন, জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান,লাবনী খাতুন ঐশী ,মেহেদী হাসান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সদস্য তুহিনুজ্জামান।